# ভাড়ায় সাহায্য

## সাহায্য বাড়ী ভাড়ায়

https://sociale.comune.fi.it/sostegno-canone-locazione

সোমবার ২০ এপ্রিল থেকে আবেদনপত্র জমা দেওয়া সম্ভব , শুধুমাত্র অনলাইনে এই আবেদনপত্র জমা দেওয়া যাবে, জমা দেওয়ার শেষ তারিখ ১১ ই মে , ১১ই মে রাত ১২ টার মধ্যে জমা দিতে হবে। যে সমস্ত কর্মচারী কারোর তত্ত্বাবধানে কাজ করেন এবং যে সমস্ত মানুষ স্বয়ংসম্পূর্ণ কাজ করেন এবং যাদের কাজ করোনা ভাইরাসের জন্য জরুরী অবস্থা জারী করা হয়েছে তাতে ক্ষতিগ্রস্ত অর্থাৎ বন্ধ হয়ে গেছে , কমে গেছে বা সাময়িকভাবে বন্ধ তারা এই বিশেষ আর্থিক সাহায্যের জন্য আবেদন করতে পারবেন ।

এই সাহায্যে ভাড়ার ৫০ শতাংশ পর্যন্ত পাওয়া যেতে পারে। যদিও তা কখনোই ৩০০ ইউরোর ওপরে উঠবেনা মাসে। যদি বাড়িভাড়া ১০০০ ইউরো হয় মাসে তবে এই সহায়তা সর্বচ্চো ৩০০ ইউরো মাসে দেবে । এই সাহায্য ৩ মাস পর্যন্ত পাওয়া যাবে ,এপ্রিল ২০২০ থেকে (এপ্রিল/মে/জুন) অর্থাৎ ৩০০ x ৩= ৯০০ ইউরো পর্যন্ত পেতে পারবে ।

এই আবেদনের জন্য যে যে শর্ত অতি আবশ্যক তা নিচে দেওয়া হল :

1. ফ্লোরেন্সে বৈধ বাসস্থান থাকা জরুরি যার ঠিকানা রেজিস্ট্রি অফিসে নথিভুক্ত করা আছে । এবং যার জন্যই সে বাড়িভাড়ায় সাহায্য চাইছে ।

2. বাড়ীর চুক্তিপত্রে নিজের নাম থাকা আবশ্যক যা নথিভুক্ত করা রেজিস্ট্রি অফিসে এবং যে বাসায় সে বাস করে যা নথিভুক্ত আছে ও তার জন্যই বাড়িভাড়ার সাহায্য চাইছে ।

3. বাড়ীর মালিকানা নিজের নামে থাকলে চলবেনা বা বাড়ী ফ্রিতে ব্যবহারের অধিকার নিজের নামে থাকলে চলবেনা , বাড়ীটি পুরো পরিবারের বসবাসের জন্য সঠিক আয়তনের হতে হবে এবং বাসাটি ৫০ কিমি দূরত্বের মধ্যে বা ৫০ কিমি দূরত্বের কমের মধ্যে হতে হবে ।

4. নিজের আয়ের সার্টিফিকেট ISE (একটা E দিয়ে অর্থাৎ পুরো পরিবারের জন্য ) যা ২৮.৬৮৪,৩৬ ইউরোর বেশী হতে পারেনা । নিচের ২০,২১,২২ প্রশ্ন উত্তর দেখতে হবে ।

5. পুরো পরিবারের আয় ৩০ শতাংশের কম যদি কমে থাকে Covid-19 ভাইরাসের জন্য জরুরী অবস্থা জারিতে তাহলে সে আবেদন করতে পারবেনা। এই আয় হ্রাস পাওয়াটা হতে পারে কর্মচারীদের কারোর তত্ত্বাবধানে যারা কাজ করে (কাজের সময় কমে যাওয়া , কাজ বন্ধের জন্য সরকারী সাহায্যের আবেদন করা যাকে বলে cassa integrazione .....ইত্যাদি ) এর কারণে বা যারা স্বয়ংসম্পূর্ণ কাজ করে (ATECO বিভাগের কাজের সাথে যুক্ত যাদের কাজ সরকার থেকে বন্ধ রেখেছে) তাছাড়াও যাদের আয় কমে গেছে , যাদের চুক্তিপত্র অনির্দিষ্ট সময়সীমার নয় সে যে কোন ধরণেরই হোক না কেন তারা আবেদন করতে পারবে ।

6. পরিবারের জন্য বরাদ্দ বাসাটি ERO ( অর্থাৎ CASE POPOLARI) হলে সে এই আবেদন করতে পারবেনা ।

7. একটি পরিবারের জন্য একটিমাত্র আবেদনই করা সম্ভব হবে ।

8. এই প্রকল্পটিতে যারা আর্থিক সহায়তা পাবে তারা বাড়ী ভাড়া ২০২০ (bando contributo affitto 2020)এটাতেও আবেদন করতে পারবে তবে সেক্ষেত্রে এই প্রথমটায় যে অর্থ সাহায্য পাবে সেটা পরেরটাতেও পেলে তার অর্থ সাহায্য থেকে বাদ দেওয়া হবে ।

**9. অনলাইনে এই আবেদন করার পদ্ধতি জানার জন্য প্রশ্ন উত্তর বিভাগে ১৫ নম্বর প্রশ্নটি দেখতে হবে ।**

**10. আবেদনপত্রের সাথে যে যে ডকুমেন্ট যোগ করতে হবে তা জানার জন্য প্রশ্ন উত্তর বিভাগের ১৭,১৮, ও ১৯ নম্বর প্রশ্নটি দেখতে হবে ।**

**ISE এর পরিমাণ কত সেটা জানাতে আবেদনপত্রে DSU(Dichiarazione sostituiva unica) এর protocollo নাম্বার যোগ করতে হবে ( n. Protocollo DSU) । যেটা Inps এর সাইট থেকে অনলাইনেই দেখা যাবে । (তাছাড়াও Caf এর পক্ষ থেকে ও associazioni degli inquilini র পক্ষ থেকে ফোনে সাহায্য পাওয়া যাবে নীচে যাদের নাম দেওয়া হল তাদের থেকে) সাহায্য পাওয়া যাবে আবেদনপত্র পূরণের ক্ষেত্রেও ।**

**SUNIA** – via delle Porte Nuove 15/a, 50144 Firenze. Tel. 055367904 / 055368573; ইমেল - sunia@suniafirenze.it Il Sunia খোলা থাকবে জনতার জন্য ২০ এপ্রিল সোমবার থেকে ( স্বাস্থ্যবিধি মেনে) সময়সীমা – সোমবার থেকে শুক্রবার ৮.৩০ থেকে ১২.৩০ টা ।

**SICET** - via Carlo del Prete 135 e Piazza dell'Indipendenza 21p 3. দূরভাষ 3393090950 অ্যাপয়েন্টমেন্ট নেওয়া যাবে Sicet Firenze sicetfirenzeprato@gmail.com

**CONIA -** CONIA FIRENZE Via Sant'Angelo, 17 – Firenze. আগে অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে এই নাম্বারে 055/753386, তাছাড়াও এই নাম্বারে 371.4427144; আবেদন পূরণ করা ফ্রিতে হবেনা conia.firenze@alice.it

**প্রশ্ন ও উত্তর বাড়িভাড়া সংক্রান্ত যে আর্থিক সহায়তা করা হবে সেই সংক্রান্ত**

**কে পেতে পারে এই সহায়তা?**

যে সমস্ত কর্মচারী কারোর তত্ত্বাবধানে কাজ করে বা যারা স্বয়ংসম্পূর্ণভাবে কাজ করে তাদের Covid-19 এই মহামারীর প্রকোপে যে জরুরী অবস্থা জারী হয়েছে তাতে **যদি কাজ বন্ধ হয়ে গিয়ে থাকে , বা কমে গিয়ে থাকে বা কিছুদিনের জন্য বন্ধ থাকে তবে তারা এই সহায়তার জন্য আবেদন করতে পারে ।**

**1.পরিবারের আর্থিক মূলধন কতটা পরিমাণ কমে যাওয়া জরুরী এই আবেদন করার জন্য ?**

এই covid-19 ভাইরাসের জন্য মহামারীতে জরুরী অবস্থার জন্য যদি পরিবারের আয় ৩০ শতাংশ বা ৩০ শতাংশের বেশি কমে যায় তবে তারা আবেদন করতে পারে ।

**2.সমস্ত কর্মচারীদের যাদের আয় কমে গেছে তাদের ক্ষেত্রেই কি এই নিয়ম প্রযোজ্য ?**

যে সমস্ত কর্মচারী কারোর তত্ত্বাবধানে কাজ করেন যার আয় কমে গেছে ( কাজের ঘণ্টা কমে গেছে , কাজ বন্ধ থাকায় সরকারের কাছে আর্থিক সহায়তা চাওয়া হয়েছে অর্থাৎ cassa integrazione ...ইত্যাদি ক্ষেত্রে ) কোন স্বয়ংসম্পূর্ণ কাজ করেন যারা (তালিকার ATECO বিভাগের অন্তর্ভুক্ত যেখানে কাজ বন্ধ সাময়িকভাবে সরকারের নির্দেশে ) এবং সেই সমস্ত

কর্মচারী যারা নির্দিষ্ট সময়সীমার চুক্তিপত্র অধীনে কারো তত্ত্বাবধানে কাজ করে যে কোন ধরণের কাজের ক্ষেত্রেই যাদের আয় কমে গেছে তারা এই আবেদন করতে পারেন ।

**3. কি করতে হবে যদি আমার কাজ ATECO কোডের অন্তর্ভুক্ত না হয় তবে ?**

ATECO কোডটি D.L.18/2020 আইন অনুসারে যে কাজ বন্ধ তার কোড ,এটার মাধ্যমে আয় কমে যাবার কথা বোঝানো সম্ভব তবে এটা শুধু একমাত্র বা জরুরী তা নয় । যে ক্ষেত্রে স্বশংসাপত্র দেবেন এবং “altra”অর্থাৎ অন্য কাজ বেছে নেবেন সেক্ষেত্রে তা যাচাই করার জন্য নির্দিষ্ট কারণ দেখাতে হবে ( যেটা পরে বলা হয়েছে) এবং বলতে হবে কেন আয় কমেছে ।

**4. আমায় কি ফ্লোরেন্সের বাসিন্দা হতে হবে ?**

হ্যাঁ ফ্লোরেন্স মিউনিসিপ্যালিটির রেজিস্ট্রি অফিসে যে বাসার জন্য আর্থিক সাহায্য চাইবেন তার নাম আপনার নামে নথিভুক্ত থাকতে হবে ।

**5. বাড়ীর চুক্তিপত্র অনুযায়ী নিজের নামে চুক্তিপত্র থাকা জরুরী ?**

হ্যাঁ নিজের নামে বাড়ীর চুক্তিপত্র থাকা জরুরী এবং বাড়ীটি বাসযোগ্য হতে হবে ও এই চুক্তিপত্র রেজিস্ট্রি অফিসে নথিভুক্ত থাকতে হবে যে এখানেই আপনি বাস করেন ।

**6. যে সমস্ত চুক্তিপত্রে ভাড়ার পরিমাণ উল্লেখ করা থাকে সেক্ষেত্রে এই আর্থিক সহায়তা পাওয়া কি সম্ভব ?**

হ্যাঁ পাওয়া সম্ভব , কারণ এটা প্রাইভেট বাড়ীর চুক্তিপত্র ।

**7. এই সাহায্য কি যে চুক্তিপত্রে লেখা থাকবে “cedolare secca” তার ক্ষেত্রেও প্রযোজ্য ?**

হ্যাঁ পাওয়া সম্ভব কারণ এটা প্রাইভেট বাড়ীর চুক্তিপত্র ।

**8. যে ব্যক্তির নাম নথিভুক্ত করা বাসা ফ্লোরেন্সের বাইরে যে কোনো জায়গায় তবে বাসার চুক্তিপত্র আছে ফ্লোরেন্সে কাজের সুত্রে সেকি এই আবেদন করতে পারবে ?**

না যে বাসার নাম নথিভুক্ত করা নেই সেই বাসার জন্য এই আবেদন করা যাবেনা ।

**9. যদি বাসার মালিক হয় তবে কি এই সাহায্যের আবেদন করতে পারবে ?**

হ্যাঁ পারবে , যদিনা তার নিজস্ব মালিকানায় বা ফ্রিতে ব্যবহারের জন্য কোন উপযুক্ত বাসস্থান পরিবারের জন্য ৫০ কিমি দূরত্বে বা ৫০ কিমি দূরত্বের কমে থাকে তবেই .

**10 . আবেদনের প্রধান কোন শর্ত আছে ?**

হ্যাঁ আছে । পরিবারের আয়ের পরিমাণ (ISE) ২৮.৬৮৪,৩৬ ইউরোর বেশি হলে চলবেনা ।

**11 . যাদের বাসস্থান ERP থেকে পাওয়া তারা কি এই সুবিধার জন্য আবেদন করতে পারেন?**

না, তারা পারেন না । কারণ এই সুবিধা ERP এর কাছ থেকে যারা বাসস্থান পেয়েছেন তারা আবেদন করতে পারেননা যেহেতু তারা তাদের আয় কমে গেলে অন্য সাহায্যের জন্য আবেদন করতে পারেন তাই ।

**12 . Giovani Si প্রোজেক্টের নিজস্ব বাড়ী ভাড়া বাবদ সাহায্যপ্রাপ্ত যুবক যুবতীরা কি এই আবেদন যোগ করতে পারে ?**

না , যোগ করা যাবেনা ।

**13. এই প্রোজেক্টের থেকে সাহায্যপ্রাপ্ত লোকেরা কি Contributo affitto 2020 ( আর একটি অন্য বাড়িভাড়া সংক্রান্ত সাহায্যের প্রোজেক্ট ) আবেদন করতে পারবে ?**

হ্যাঁ , পারবে কিন্তু যতটা এই প্রোজেক্টে সহায়তা পাবে তার সমান অর্থ অপর প্রোজেক্টের(Contributo affitto 2020) থেকে বাদ যাবে ।

**14. আবেদন কিভাবে করতে হবে?**

শুধুমাত্র অনলাইনে আবেদন করা যাবে , ২০ শে এপ্রিল ৯ টা থেকে **১১** ই মে ২০২০ র রাত **১১** টা ৫৯ মিনিট অবধি ।

**15. অনলাইনে কিভাবে আবেদন করতে হবে?**

অনলাইনে যে যে মাধ্যমে আবেদন করা যাবে তা হল

**A) Credenziali del Sistema Pubblico di Identità Digitale (SPID):** কিভাবে এটি পেতে পারেন এবং ব্যবহার করা যাবে তার তথ্য নিচের ওয়েবসাইট থেকে পাওয়া যাবে । https://www.spid.gov.it/

**B) Carta Nazionale dei Servizi (CNS):**কিভাবে এটি পেতে পারেন এবং কিভাবে ব্যবহার করা যাবে তার তথ্য নিচের ওয়েবসাইট থেকে পাওয়া যাবে: http://www.regione.toscana.it/-/carta-nazionale-dei-servizi;

**C)Carta di identità elettronica (CIE):**

তথ্য জানার জন্য নিচের লিঙ্কে ক্লিক করুন:
https://servizi.comune.fi.it/servizi/scheda-servizio/carta-di-identita-elettronica-cie

**D) Credenziali di accesso rilasciate dal comune:** কিভাবে পেতে পারেন তা জানার সমস্ত রকম তথ্য নিচের লিঙ্কে ক্লিক করলে জানতে পারবেন :
http://centroservizi.lineacomune.it/portal/page/portal/Registrazione/Index

**16. কতগুলি আবেদন একসাথে করা যাবে ?**

এক একটি পরিবারের জন্য শুধু একটিমাত্র আবেদনপত্রই জমা দিতে হবে ।

**17. আবেদনের সাথে কি কি যুক্ত করতে হবে?**

যে যে ডকুমেন্ট আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে তা হল –

**A. বাধ্যতামূলক –** বাড়ীর চুক্তিপত্র যেটা রেজিস্ট্রি অফিসে নথিভুক্ত এবং আবেদনকারী যে বাড়ীতে বাস করেন ও যার ভাড়ার সহায়তা পেতে আবেদন করতে চান। এই ডকুমেন্ট যুক্ত না করলে আবেদনপত্র জমা দেওয়া যাবেনা ।

**B. ঐচ্ছিক –** ৩১ শে জানুয়ারি ২০২০ থেকে শুরু করে যে সমস্ত কাজের ক্ষেত্রে ব্যক্তির আয় ৩০% কমে গেছে ২০১৯ এর আয়ের থেকে তার স্বপক্ষে ডকুমেন্ট দিতে হবে যেখানে সেটা দেওয়া সম্ভব । তাছাড়াও কিছু ডকুমেন্ট না যুক্ত করেও স্বীকার করা সম্ভব যে সরকারের থেকে আর্থিক সাহায্যের জন্য আবেদন করা হয়েছে তার কাজ বন্ধ থাকায় । অর্থাৎ (Cassa Integrazione) তে রয়েছে । যারা স্বয়ংসম্পূর্ণ কাজ করেন তাদের ক্ষেত্রে তাদের কাজের ধরণ ও স্বশংসাপত্র দিতে হবে যেখানে ৩০ শতাংশ আয়ের কমে গেছে তা দেখা যাবে ।

**C. যদি ঐচ্ছিক পর্যায়ে বিবৃত ডকুমেন্ট নাও যোগ করা হয় তবুও আবেদন করা যাবে**

**D. বাধ্যতামূলক –** তাছাড়াও কোনরকম অক্ষমতা থাকলে তার স্বপক্ষে সার্টিফিকেট বা প্রতিবন্ধী হলে তার স্বপক্ষে সার্টিফিকেট যোগ করা বাধ্যতামূলক । এই অক্ষমতা ৬৭% বা তার বেশী হতে হবে একটি পরিবারের ক্ষেত্রে । যদি বাধ্যতামূলক ডকুমেন্ট যোগ না করেন কেউ তবে আবেদনপত্র জমা দেওয়া যাবেনা ।

**18. DSU এর numero di protocollo উল্লেখ করাই কি যথেষ্ট ?**

আবেদনপত্রে অনলাইনে DSU(Dichiarazione Sostituiva Unica) এর numero di protocollo এর numero di protocollo এর ২০১৯ বা অপরপক্ষে ২০২০ এর উল্লেখ করাই যথেষ্ট তবে ISE এর পরিমাণ INPS এর সাইট থেকে

সরাসরি ডাউনলোড করা যাবে ।

**19. DSU এর ফর্ম পূরণ এর ক্ষেত্রে কিভাবে করতে হবে ?**

DSU ( Dichiarazione Sostituiva Unica) এটা পূরণ করা যাবে অনলাইনে INPS এর ওয়েবসাইট থেকে ( ফোনে কথা বলে CAAF এর সঙ্গে বা associazioni degli inquilini র সঙ্গে ) কথা বলেও করা যাবে যেটা scheda servizio র তালিকায় উল্লেখ করা আছে ।

**20. কি হবে যদি ISE এর পরিমাণ ২৮. ৬৮৪ ,৩৬ ইউরোর বেশি হয় ?**

সেক্ষেত্রে আবেদন করা যাবেনা ।

DSU ( Dichiarazione Sostituiva Unica) এটা পূরণ করা যাবে অনলাইনে INPS এর ওয়েবসাইট থেকে ( ফোনে কথা বলে CAAF এর সঙ্গে বা Associazioni degli Inquilini র সঙ্গে )

**21. আবেদনপত্রগুলি কি মিউনিসিপ্যালিটি থেকে যাচাই করে নেওয়া হবে ?**

হ্যাঁ , মিউনিসিপ্যালিটি প্রতিটি প্রশাসনিক বিভাগের তথ্য সংক্রান্ত বিভাগের সাথে যোগাযোগ করে বা নিজস্ব ডাটাবেসের তথ্য থেকে যাচাই করে নেবে ।

**22. কতটা সাহায্য পাওয়া যাবে ?**

যে সাহায্য পাওয়া যাবে বাড়ীভাড়া বাবদ তা বাড়ী ভাড়ার ৫০ শতাংশ হবে তবে ৩০০ ইউরো এর বেশি মাসে পাওয়া যাবেনা । যেমন – বাড়িভাড়া ১০০০ ইউরো হলে ৩০০ ইউরো পর্যন্তই পাওয়া যাবে তার বেশী নয় । এপ্রিল ২০২০ থেকে ৩ মাসের জন্য এই সাহায্য পাওয়া যাবে । যেটা তালিকায় নাম অনুযায়ী এই সাহায্য পাওয়া যাবে সর্বচ্চো ৯০০ ইউরো অবধি ৩ মাসের জন্য ।

**23. নামের তালিকাটি কেমন হবে ?**

নামের তালিকাটি তৈরি হবে ISE এর পরিমাণ অনুযায়ী যা INPS এর থেকে দেওয়া হয় ।

**24. যদি দেখা যায় ISE এর পরিমাণ দুটি বা তিনটি পরিবারের ক্ষেত্রে একই তবে তালিকায় নাম কিভাবে আসবে?**

নিচের হিসাব অনুযায়ী এই তালিকায় কে আগে যাবে তা বোঝা যাবে ---

- পরিবারের সদস্যসংখ্যা ও কতজন বাচ্চা আছে পরিবারে : যে পরিবারে যত বেশি বাচ্চা আছে এবং বাচ্চার বয়স যত কম সেই অনুসারে ।
- যাদের অক্ষমতা ৬৭% এর সমান বা বেশি বা প্রতিবন্ধী আছে পরিবারে ai sensi della L.5 febbraio 1992,n.104 ধারা অনুযায়ী ।

**25. কবে এই ফলাফল তালিকা প্রকাশিত হবে ?**

মিউনিসিপ্যলিটি যত কম সময়ে পারে সবকিছু যাচাই করে আবেদনপত্র জমা দেবার শেষ তারিখের থেকে ৩০ দিনের মধ্যে এই ফলাফল তালিকা প্রকাশিত হবে ।

**26. কিভাবে এই সাহায্য দেওয়া হবে ?**

মিউনিসিপ্যালিটি তালিকা অনুযায়ী যারা এই সহায়তা পাবার উপযোগী তাদের সরাসরি সাহায্য করবে যতক্ষণ না অবধি তাদের মূলধন শেষ হয় । যদি দেখা যায় মিউনিসিপ্যালিটির মূলধন থেকে সমস্ত তালিকার অন্তর্ভুক্ত ব্যক্তিকে দেওয়া সম্ভব নয় তবে মিউনিসিপ্যালিটি Regione কে তালিকা পাঠাবে কাদের সাহায্য দিতে পেরেছে কাদের পারেনি তা জানিয়ে ।